

বৃহত্তর

তারিখ ০৩/০৫/০২
পৃষ্ঠা ৯ কলাম ১

চিকিৎসার জন্য বাকুবির শিক্ষকের তহবিলে ১ লাখ টাকা দান

বরিশাল জেলার উজিরপুরের বিশিষ্ট সমাজসেবক শরফুদ্দিন আহমেদ সান্টু ২১শে এপ্রিল বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ডেটেরিনারি অনুষদের অসুস্থ প্রফেসর ড. খন্দকার সিরাজুল ইসলামের চিকিৎসার জন্য নগদ ১ লাখ টাকা ডাইস চ্যাঙ্গেলর প্রফেসর মু. মুস্তাফিজুর রহমানের হাতে তুলে দিয়েছেন।

ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. মো. আমিরুল ইসলাম, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. মো. আবদুল হক, ডেটেরিনারি অনুষদের ডিন প্রফেসর ড. মৈ. মনসুরুল আমিন, প্রফেসর ড. মাহবুব মোস্তফা, প্রফেসর ড. গোলাম রক্বানী ও বরিশাল জেলার বিশিষ্ট শিক্ষকবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন। এর আগে ড. সিরাজুল চিকিৎসা তহবিলে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় অফিসার পরিষদের সভাপতি মো. শহীদ-দাদ-খান ডাইস চ্যাঙ্গেলর প্রফেসর মু. মুস্তাফিজুর রহমানের হাতে ৫০ হাজার টাকার একটি চেক আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করেন।

উল্লেখ্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ডেটেরিনারি অনুষদের মেডিসিন বিভাগের প্রবীণ প্রফেসর ড. খন্দকার সিরাজুল ইসলাম বেশ কিছুকাল যাবৎ জটিল কিডনি রোগে আক্রান্ত হওয়ায় ডাইস চ্যাঙ্গেলর প্রফেসর মু. মুস্তাফিজুর রহমান তার সূচিকিৎসার জন্য সমাজের সর্বস্তরের বিত্তবানদের প্রতি আর্থিক সাহায্যের আবেদন জানিয়েছেন। সংবাদ বিজ্ঞপ্তি।